

সার্কুলার নং- ১৬-৬

তারিখঃ ০৩/০৯/২০১৫ খ্রি.

বিষয়ঃ আইনজীবী সহকারীদের পরিচয়পত্র প্রদর্শন সংক্রান্ত।

আদালত অঙ্গন ও আদালতের সাথে সংশ্লিষ্ট সকলের যথাযথ নিরাপত্তা বিধান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উক্ত নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত আদালত ভবনে অনাকাঙ্ক্ষিত ব্যক্তিদের (টাউট, দালাল ইত্যাদি) প্রবেশ কঠোরভাবে নিয়ন্ত্রণ করা অতীব জরুরী।

- ২। এছাড়া অনেক ক্ষেত্রে আইনজীবী সহকারীদের ছদ্ম পরিচয়ে অনাকাঙ্ক্ষিত ব্যক্তিদের আদালত অঙ্গনে প্রবেশের ফলে মামলার আদেশ/রায়ের সার্টিফাইড কপি জালিয়াতিসহ নানাবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে। ফলশ্রুতিতে একদিকে যেমন বিচার বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে; অন্যদিকে বিচার প্রার্থী অসহায় জনগণ এদের দ্বারা নানাবিধভাবে প্রতারিত ও ভোগান্তির শিকার হচ্ছেন। সে কারণে অধস্তন আদালতের আইনজীবী সহকারীদের আদালত অঙ্গনে সার্বক্ষণিক পরিচয়পত্র প্রদর্শন অতীব প্রয়োজন।
- ৩। বর্ণিতাবস্থায়, জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজগণকে সংশ্লিষ্ট জেলার জেলা আইনজীবী সমিতির সভাপতি ও জেলা আইনজীবী সহকারী সমিতির সভাপতির সহায়তায় অধস্তন আদালতের আইনজীবী সহকারীদের অফিস সময়ে আদালত অঙ্গনে সার্বক্ষণিক পরিচয়পত্র প্রদর্শনের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
registrar @ supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১৬-৪০৫(৪)
- ১। জেলা ও দায়রা জজ, জেলা ও দায়রা জজ আদালত, -----(সকল)
 - ২। মহানগর দায়রা জজ, মহানগর দায়রা জজ আদালত, -----(সকল)
 - ৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, -----(সকল)
 - ৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, -----(সকল)
 - ৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
 - ৬। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, -----(সকল)
 - ৭। সভাপতি, জেলা আইনজীবী সহকারী সমিতি, -----(সকল)


স্মারক নং -

-জি,

তারিখ- /০৯/২০১৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।


(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬
aziz_dr@supremecourt.gov.bd